

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৯৬ ঃ মেহেরপুর-শনিবার ২৬ জুলাই ২০২৫ ইং ঃ ১১ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ৩০ মুহাররম ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা

সকলের সুস্থতার জন্য 'দোয়া' করতে বললেন ফারিণ -পৃষ্ঠ-৩




## ২৬ জুলাই : আন্দোলনের ৩ সমন্বয়ককে হাসপাতাল থেকে তুলে নেয় ডিবি

নিজস্ব প্রতিবেদক

২০২৪ সালের ২৬ জুলাই কোটা সংস্কার আন্দোলনের তিন সমন্বয়ককে রাজধানীর গণস্বাস্থ্য নগর হাসপাতাল থেকে তুলে নিয়ে যায় ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। ওই তিন সমন্বয়ক হলেন- নাহিদ ইসলাম, আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া ও আবু বাকের মজুমদার। শুক্রবার রাত সাড়ে ১১টার দিকে তিন সমন্বয়ককে তুলে নেওয়ার কথা স্বীকার করে ডিবি'র পক্ষ থেকে জানানো হয়, 'নিরাপত্তার স্বার্থে তিন সমন্বয়ককে ডিবি হেফাজতে নিয়ে আসা হয়েছে। সহিংসতার বিষয়ে তাদের কাছে কোনো তথ্য আছে কিনা, তা জানতে চাওয়া হবে।'

বিকেলের দিকে তিন সমন্বয়ককে সাদা পোশাকে হাসপাতাল থেকে তুলে নিয়ে যাওয়ার অভিযোগ করে নাহিদের পরিবার জানায়,

২-এর পৃষ্ঠা দেখুন

# তিন দিনের লড়াই শেষে চির নিদ্রায় মাইলস্টোনের শিক্ষার্থী মাহিয়া

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের বিমান বিধ্বস্ত ঘটনায় নিহত মাহিয়া তাসনিমের দাফন সম্পন্ন হয়েছে। নিহত মাহিয়া তাসনিম চুয়াডাঙ্গা জেলার কুড়ালগাছির বাজার পাড়া গ্রামের মৃত প্রকৌশলী মোহাম্মদ আলির মেঝ মেয়ে এবং মেহেরপুরের মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের নজরুল হক নগরীর নাতনী। কয়েক বছর আগে মাহিয়ার বাবা প্রবাসে থাকাকালে মারা যান। মাহিয়া তার মাকে নিয়ে ঢাকার উত্তরা কর্ণফুলী ১৮ নম্বর সেক্টরে বসবাস করতেন।

আজ শুক্রবার (২৫ জুলাই) সকাল ৯টায় মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের পারিবারিক কবরস্থানে তার দাফন সম্পন্ন হয়। এর আগে সকাল সাড়ে ৮টায় কবরস্থান ময়দানে জানাজা অনুষ্ঠিত হয়। জানাজায় মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমানসহ এলাকার গণ্যমান্য ব্যক্তি ও শত শত মানুষ অংশ নেন। নিহতের পরিবার জানায়, মঙ্গলবার সকালে স্কুলে যাওয়ার পর মাহিয়া মর্মান্তিক দুর্ঘটনার শিকার হন। মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের অষ্টম শ্রেণির শিক্ষার্থী মাহিয়া বিমান বিধ্বস্তে মারাত্মক দগ্ধ হয়ে শরীরের প্রায় ৫০ শতাংশ পুড়ে যায়। জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তিন দিনের লড়াই শেষে বৃহস্পতিবার বিকেল ৪টায় তার মৃত্যু হয়। রাতে তার মরদেহ নিজ গ্রামের বাড়ি চুয়াডাঙ্গার কুড়ালগাছি গ্রামে নিয়ে যাওয়া হয়। শুক্রবার সকালে মুজিবনগরের জয়পুর গ্রামে নানাবাড়িতে আনা হয়। লাশ গ্রামে পৌঁছালে একনজর দেখতে শত শত মানুষ ভিড় করে। পুরো এলাকায় নেমে আসে শোকের ছায়া। কান্নায় ভারী হয়ে

২-এর পৃষ্ঠা দেখুন





## মেহেরপুরে গ্রামীণ ঋণের নামে প্রতারণা নারী আটক, তদন্তে পুলিশ

মেহেরপুর প্রতিনিধি

সহজ শর্তে মোটা অংকের ঋণের লোভ দেখিয়ে গ্রামের সাধারণ মানুষের কাছ থেকে লাখ টাকার বেশি আত্মসাৎ করেছে 'গ্রামীণ বাংলা উন্নয়ন ফাউন্ডেশন' নামে একটি ভুয়া সংস্থা। ইতোমধ্যে যশোরের ধর্মতলা এলাকার বাসিন্দা শারমিন নাহার নামের এক নারীকে এ ঘটনায় আটক করেছে পুলিশ। শুক্রবার (২৫ জুলাই) কুষ্টিয়ার পোড়াদহ রেলস্টেশন এলাকা থেকে স্থানীয়দের সহায়তায় তাকে আটক করে মেহেরপুর সদর থানা পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

প্রতারণার অভিযোগে থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন মেহেরপুর সদর উপজেলার মাঠপাড়া গ্রামের বাসিন্দা সাইদুর রহমান। তিনি জানান, মাগুরার মোহাম্মদপুর উপজেলার দাতিয়াদহ গ্রামের রিয়াজ উদ্দিন ও শারমিন নাহার মেহেরপুর শহরের বেড়পাড়ার মহসিন নামের এক ব্যক্তির বাড়ির নিচতলা ভাড়া নিয়ে 'গ্রামীণ বাংলা উন্নয়ন ফাউন্ডেশন' নামে ঋণদাতা সংস্থার কার্যক্রম চালান। অথচ সংস্থাটির নেই কোনো সরকারি অনুমোদন বা নিবন্ধন।

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে ফুটবল খেলায় দু'পক্ষের হাতাহাতিতে আহত ৩

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়িয়া গ্রামে শুক্রবার বিকেলে ফুটবল খেলা দেখতে বসার স্থান নিয়ে দু'পক্ষের মধ্যে মারামারি ঘটে। শহীদ আরাফাত রহমান কোকো স্মৃতি ফুটবল টুর্নামেন্ট চলাকালে মাঠের পাশে স্থান নিয়ে বাগবিতণ্ডা হাতাহাতিতে রূপ নেয়। এতে

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে দিন দুপুরে সোনার গহনা চুরি

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর গ্রামে মনজুরুল মোর্শেদ জুয়েলের বাড়িতে দিনদুপুরে দুধর্ষ চুরির ঘটনা ঘটেছে। স্থানীয় সূত্রে জানা যায়, চোরেরা বাড়ির কাপসিবল গেটের তালা ভেঙে ভিতরে প্রবেশ করে। এসময় বাড়ির কেউ উপস্থিত ছিল না।

বাড়ির মালিক মনজুরুল মোর্শেদ জুয়েল জানান, চোরেরা তাঁর বাড়ির আলমারি তছনছ করে এক ভরির সোনার হার, দুইটি এক ভরির সোনার বালা, চার আনার একটি গলার চেইন এবং নগদ অর্থসহ প্রায় ২ লাখ ৮৫ হাজার টাকার মালামাল চুরি করে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে নজরকাড়া ব্ল্যাক কার্ফ: ১৮ কেজির মাছ ১১ হাজার টাকায় বিক্রি

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর শহরের বড়বাজারে শুক্রবার সকালটা যেন ছিল ভিন্ন রকম এক উত্তেজনার দিন। বাজারের ফাইভ স্টার মৎস্য আড়তে উঠেছিল ১৮ কেজি ওজনের একটি বিশাল ব্ল্যাক কার্ফ মাছ। নিলামের মাধ্যমে মাছটি ১১ হাজার টাকায় বিক্রি হয়। ঘটনাটি মুহূর্তেই বাজার জুড়ে

২-এর পৃষ্ঠা দেখুন

## দেশের জন্য একটি ভালো কাজ করে যেতে চাই: সিইসি

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিন বলেছেন, জীবনের এই পর্যায়ে এসে তাঁর ব্যক্তিগত কোনো লক্ষ্য বা স্বার্থ নেই। বরং তিনি দেশের জন্য একটি ভালো কাজ করে যেতে চান। আর সেটি হচ্ছেড় জাতিকে একটি সুষ্ঠু, অবাধ ও গ্রহণযোগ্য নির্বাচন উপহার দেওয়া।

শুক্রবার (২৫ জুলাই) খুলনা সফরের পথে যশোরে সংক্ষিপ্ত যাত্রাবিরতির সময় কালেক্টরেট মসজিদে জুমার নামাজ আদায় করেন সিইসি। নামাজের পূর্বে মুসল্লিদের উদ্দেশে দেওয়া

২-এর পৃষ্ঠা দেখুন



## বৃষ্টি থামাতে পারেনি প্রচারণা: ৩১ দফা প্রচারে কামরুল হাসান

তৌহিদুল ইসলাম তুহিন

বৃষ্টিকে উপেক্ষা করে মেহেরপুরে গণসংযোগ ও প্রচারণায় নেমেছেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। শুক্রবার (২৫ জুলাই) বিকেল ৫টায় শহরের পশুহাট এলাকায় তিনি সাধারণ মানুষের মাঝে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা কর্মসূচি প্রচার করেন। গণসংযোগকালে অ্যাডভোকেট

২-এর পৃষ্ঠা দেখুন



## বিমান দুর্ঘটনায় নিহত-আহতদের স্মরণে মেহেরপুরে দোয়া মাহফিল

মেহেরপুর প্রতিনিধি

ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী ও শিক্ষকদের বহনকারী বিমান দুর্ঘটনায় নিহত ও আহতদের স্মরণে মেহেরপুরে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (২৫ জুলাই) সন্ধ্যায় বাংলাদেশ সরকারি কর্মচারী কল্যাণ ফেডারেশন মেহেরপুর জেলা শাখার আয়োজনে এ দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। মেহেরপুর শহরের সরকারি কর্মচারী মিলনায়তনে আয়োজিত মাহফিলে নিহতদের আত্মার মাগফিরাত এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। অনুষ্ঠানে

২-এর পৃষ্ঠা দেখুন

## জামায়াত দল নিয়ন্ত্রণ করেছে, দেশও নিয়ন্ত্রণ করবে ডাঃ শফিকুর রহমান

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডাঃ শফিকুর রহমান বলেছেন, তাঁর দল অতীতে সংগঠন পরিচালনায় যেমন দক্ষতা দেখিয়েছে, তেমনি ভবিষ্যতে দেশেরও দায়িত্ব গ্রহণে সক্ষম হবে। তিনি বলেন, "জামায়াত দল নিয়ন্ত্রণ করেছে, তেমনি দেশও নিয়ন্ত্রণ করতে পারবে।" শুক্রবার (২৫ জুলাই) রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত জামায়াতের রুকন সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডাঃ শফিকুর বলেন, "পৃথিবীর একমাত্র অসাম্প্রদায়িক ধর্ম হলো ইসলাম। আমরা ইনসাফভিত্তিক সমাজ বিনির্মাণে বিশ্বাস করি। জামায়াতের রাজনীতি হবে মানুষ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে খলাফত মজলিসের প্রার্থী মুফতি হোসাইন আহমেদ

মেহেরপুর প্রতিনিধি

আগামী জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-১ আসনে বাংলাদেশ খেলাফত মজলিসের প্রার্থী হিসেবে মাওলানা মুফতি হোসাইন আহমেদকে মনোনীত করারেছে। এই মনোনীত করায় তাকে জেলা নেতৃবৃন্দ ও শুভাকাঙ্ক্ষীরা ফুলেল শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। শুক্রবার বিকেলে মেহেরপুর জেলা মডেল মসজিদে আয়োজিত বিশেষ এক সমাবেশে এই শুভেচ্ছা জানানো হয়। উক্ত অনুষ্ঠানে খেলাফত মজলিসের মেহেরপুর জেলা শাখার সাধারণ

২-এর পৃষ্ঠা দেখুন

## চট্টগ্রাম বন্দর দেশের গুরুত্বপূর্ণ সম্পদ, প্রোপাগান্ডা থেকে বিরত থাকুন- সাখাওয়াত হোসেন

সূর্যোদয় প্রতিবেদন

চট্টগ্রাম বন্দর বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির অন্যতম প্রধান চালিকা শক্তি। নৌপরিবহন মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন দেশের স্বার্থে বন্দর নিয়ে বিভ্রান্তিকর প্রোপাগান্ডা ছড়িয়ে ক্ষতি করা থেকে সবাইকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন। শুক্রবার চট্টগ্রাম বন্দর পরিদর্শনের সময় তিনি বলেন, "চট্টগ্রাম বন্দর আমাদের গর্ব ও সম্পদ। এটি আমরা নিজেদের কাছে রাখব। দেশের স্বার্থে কেউ বন্দর নিয়ে বিভ্রান্তি ছড়াবেন না বলে আমি আশা করি। আমরা সামনের দিকে এগিয়ে যেতে চাই এবং আন্তর্জাতিক অঙ্গনে

২-এর পৃষ্ঠা দেখুন




## ঝিনাইদহে ২০০ ওয়াক্ত নামাজ আদায় করে পেলো বাইসাইকেল

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহ সদর উপজেলার বংকিরা গ্রামের সায়াদাতিয়া বায়তুল মা'মুর জামে মসজিদ কমিটির উদ্যোগে শিশু-কিশোরদের মধ্যে নামাজের প্রতি আগ্রহী করে তোলা এবং অনৈতিক কর্মকাণ্ড থেকে বিরত রাখার লক্ষ্যে একটি অনন্য উদ্যোগ নেওয়া হয়েছে। মসজিদে ২০০ ওয়াক্ত নামাজ জামাতে আদায়কারী পাঁচজন ক্ষুদে শিক্ষার্থীকে পুরস্কার হিসেবে বাইসাইকেল উপহার দেওয়া হয়েছে। শুক্রবার (২৫ জুলাই) দুপুরে

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (বিচারপতি খায়রুল হক রাষ্ট্রের সবচেয়ে বড় শত্রু)

বিচারপতি বিচার কর
তোমার বিচার করবে কে
এক বিচারেই দিলে রায়
সতের বছর পিছিয়ে ।
দেশটা গেল রসাতলে
তৈরি হলো স্বৈরাচার
করলো শুরু বলতে তারা
দেশটা কি কারো বাপ-দাদার।
বিচারপতি গ্রেপ্তার হলে
ভাববে হবে এই দেশে
গণতন্ত্রের কবর দিয়ে
ছিলে তুমি খুব সুখে ।
পড়লে ধরা কেমন মজা
দেশ করেছো বাঁকা
জেলখানাতে থেকে তোমার
কোমর হবে সোজা।

## নির্বাচন যত দেরি হবে, সরকার তত প্রশ্নের মুখে পড়বে: গয়েশ্বর

সূর্যোদয় প্রতিবেদন

বিমান দুর্ঘটনায় নিহত শিক্ষার্থী নুসরাত জাহান আনিকার পরিবারের প্রতি সহমর্মতা জানাতে গিয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, নির্বাচন দীর্ঘায়িত হলে সরকার আরও বেশি প্রশ্ন ও সংকটের মুখে পড়বে। শুক্রবার সকালে রাজধানীর উত্তরা মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে নিহত আনিকার পরিবারের সঙ্গে সাক্ষাৎ করে তিনি এই মন্তব্য করেন। গয়েশ্বর বলেন, "এই সরকার একটি নির্বাচিত সরকার নয়। ফলে তারা দায় এড়ানোর সুযোগ পাচ্ছে। সরকার দৃশ্যমান নয়, তাদের কার্যক্রমও নয়।

২-এর পৃষ্ঠা দেখুন

রূপকথার মতো দৃশ্য চুয়াডাঙ্গার গ্রামে

## বাবার স্বপ্নপূরণে হেলিকপ্টারে চড়ে বিয়ে

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের কয়া গ্রামে এক দৃষ্টিনন্দন ও রূপকথার মতো বিয়ে অনুষ্ঠিত হয়েছে। আকাশপথে হেলিকপ্টার চড়ে বর হিসেবে উপস্থিত হন সৌদি প্রবাসী সাকিব (২৩)। পিতার স্বপ্ন পূরণ এবং প্রিয়তমাকে চমকে দেওয়ায় ছিল তার উদ্দেশ্য।

শুক্রবার (২৫ জুলাই) দুপুরে নিজের গ্রাম থেকে হেলিকপ্টারে রওনা দিয়ে মাত্র ৬ মিনিটে জীবননগর হাই স্কুল মাঠে পৌছান শাকিব। হেলিকপ্টার অবতরণের সঙ্গে সঙ্গেই স্থানটি উৎসবমুখর হয়ে ওঠে। গ্রামবাসী, শিশু থেকে বৃদ্ধ সবাই মোবাইল ফোন হাতে ভিডিও-সেলফিতে মেতে ওঠেন। কনের বাড়ির পক্ষ থেকে ফুল দিয়ে বরণ করে নেওয়া হয় বরকে। শাকিব ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার বাঁশবাড়িয়া ইউনিয়নের গাড়াপোতা গ্রামের বিল্লাল খানের পুত্র। তিন ভাই বোনের মধ্যে তিনি বড়, এবং পিতা-পুত্র দুজনেই দীর্ঘদিন ধরে সৌদি আরবে ব্যবসা পরিচালনা করছেন। বর শাকিব জানান, ছোটবেলা থেকেই তার বাবার স্বপ্ন ছিল যে, বিয়ের দিন হেলিকপ্টারে চড়ে তিনি বিয়ে করবেন, যা আল্লাহর রহমতে আজ পূরণ হলো। কনে আসমা খাতুন (১৯) জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের কয়া গ্রামের




২-এর পৃষ্ঠা দেখুন




## শ্রমিকের অধিকার যেন মর্যাদার সঙ্গে প্রতিষ্ঠিত হয়: শিমুল বিশ্বাস

কুষ্টিয়া প্রতিনিধি

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিশেষ সহকারী ও কেন্দ্রীয় শ্রমিক দলের প্রধান সমন্বয়ক অ্যাডভোকেট শামছুর রহমান শিমুল বিশ্বাস বলেছেন, শ্রমিক শ্রেণির অধিকার এই দেশে যেন মর্যাদার সঙ্গে প্রতিষ্ঠিত হয়, সেটাই আমাদের মূল লড়াই। গতকাল

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শনিবার ॥ ১১ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ২৬ জুলাই ২০২৫ইং

# এক আসনে একাধিক মনোনয়ন প্রত্যাশী, যে বার্তা দিল বিএনপি

সূর্যোদয় প্রতিবেদন

এক আসনে একাধিক মনোনয়নপ্রত্যাশী রয়েছে বিএনপির। এ নিয়ে ভেতরে ভেতরে দ্বন্দ্ব কাজ করছে। এই দ্বন্দ্ব যেন দলীয় কর্মসূচিতে প্রভাব না ফেলে এবং ত্রয়োদশ সংসদ নির্বাচনকে সামনে রেখে দলকে বিব্রতকর পরিস্থিতিতে না ফেলে সেজন্য উদ্যোগ নিচ্ছে বিএনপি। দ্বন্দ্ব ও গ্রুপিং নিরসনে কেন্দ্র থেকে তৃণমূলে বার্তা দেওয়া হচ্ছে। এদিকে প্রায় তিন মাসব্যাপী একগুচ্ছ কর্মসূচি নিয়ে ফের রাজপথে সক্রিয় হওয়ার প্রস্তুতি নিচ্ছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। দ্রুত সংস্কার, অন্তর্বর্তী সরকার প্রধানের দেওয়া যথাসময়ে নির্বাচনের প্রতিশ্রুতি বাস্তবায়ন এবং দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদসহ নানা দাবিতে মাঠে নামার পরিকল্পনা করছে দলটি। এসব কর্মসূচি বাস্তবায়নে দলটি রোডমার্চ, বিভাগীয় সমাবেশ এবং আসনভিত্তিক পদযাত্রার মতো বিভিন্ন কর্মসূচি পালন করবে বলে জানা গেছে। বুধবার রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এক সাংগঠনিক সভায় এই কর্মসূচির রূপরেখা নিয়ে আলোচনা হয়। বৈঠকে নেতারা উসকানিমূলক বা আক্রমণাত্মক রাজনৈতিক বক্তব্যগুলোকে আমলে না নেওয়ার পরামর্শও দেন। সভায় কর্মসূচির রূপরেখার বিষয়ে প্রস্তাব করা হয়, প্রতিটি আসনে একাধিক নেতা মনোনয়নপ্রত্যাশী রয়েছেন। কিন্তু এ নিয়ে যেন কোনো দ্বন্দ্ব বা গ্রুপিং না হয়। মনোনয়নপ্রত্যাশীরা ঐক্যবদ্ধভাবে একই প্ল্যাটফর্ম থেকে দলের কর্মসূচি সফল করবেন। তা না হলে কারও বিরুদ্ধে কোনো ধরনের অভিযোগ পাওয়া গেলে সাংগঠনিকভাবে ব্যবস্থা নেওয়া হবে। ওই সভায় বিভাগীয় সাংগঠনিক ও সহ-সাংগঠনিক সম্পাদকরা উপস্থিত ছিলেন। এতে ভার্চুয়ালি যুক্ত ছিলেন দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বড় দল হিসাবে একেকটি আসনে একাধিক মনোনয়নপ্রত্যাশী নেতা রয়েছেন। কিছু কিছু এলাকায় এ নিয়ে নিজেদের মধ্যে দ্বন্দ্বও আছে। এ বিষয়ে দলের পক্ষ থেকে শক্ত পদক্ষেপ নেওয়ার প্রস্তাব করা হয়। এতে বলা হয়, আসনভিত্তিক পদযাত্রা কর্মসূচিসহ সামনের

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## প্রি-ওয়ার্কআউটে কেমন খাবার খাবেন?

সূর্যোদয় প্রতিবেদন

সকালের ওয়ার্কআউটের জন্য আরামদায়ক বিছানা ত্যাগে অদম্য শক্তি প্রয়োজন-পাশাপাশি ওয়ার্কআউটের সময় শরীরে শক্তির মাত্রা বাড়াতে, ওয়ার্কআউটের আগে কেমন খাবার খাওয়া উচিত? একজন পুষ্টিবিদ বলে দিতে পারবেন আপনার কী প্রয়োজন...প্রি-ওয়ার্কআউট ডায়েট চার্ট :

মুম্বাইয়ের স্যার এইচ এন রিলায়েন্স ফাউন্ডেশন হাসপাতালের ক্লিনিকাল ডায়েটিশিয়ান বেদিকা প্রেমানির মতে, 'প্রি-ওয়ার্কআউট ডায়েটে কার্বোহাইড্রেট খাবার তালিকায় থাকা উচিত। ওয়ার্কআউটের সময় শরীরে শক্তির জন্য সকালের নাস্তার প্লেটে শস্য এবং চর্বিহীন প্রোটিন খাবার রাখুন। কিছু সহজ প্রি-ওয়ার্কআউট খাবারের মধ্যে রয়েছে ডিম, দই, ওটমিল অথবা শস্যের রুটি। এ ছাড়া ফল কঠোর ব্যায়ামের সময় শক্তির মাত্রা নিয়ন্ত্রণের আরেকটি প্রাকৃতিক উৎস। বেদিকা প্রেমানি আরও বলেন, 'শরীরে সর্বদা হাইড্রেশন অপরিহার্য। কারণ এটি পুনরুদ্ধারে এবং ওয়ার্কআউটের সময় শরীরের তাপমাত্রা নিয়ন্ত্রণে সহায়তা করে'। প্রি-ওয়ার্কআউট ডায়েটে এড়িয়ে চলুন : আপনি যদি জিমের সময়টাকে বেশি কাজে লাগাতে চান, তবে প্রোটিন ও কার্বোহাইড্রেট জাতীয় খাবার বাদ দিতে হবে। প্রেমানি এর সঙ্গে সহমত পোষণ করে বলেন, যেসব খাবারে চর্বি, মসলা বা চিনি বেশি থাকে সেগুলো ব্যায়ামের আগে পরিহার করুন। কারণ-এগুলো গ্যাস্ট্রিকের অস্বস্তি, বদহজম, বুক

৩-এর পৃষ্ঠা দেখুন



## ভুয়া মামলায় ৪০ বছর ক্ষতিপূরণ ২০ লাখ টাকা

নিজস্ব প্রতিবেদক

চার দশক ধরে ভুয়া মামলায় আইনি লড়াই চালিয়ে অবশেষে ন্যায়বিচার পেলেন কুষ্টিয়ার হরেন্দ্রনাথ চন্দ্র। সোনালী ব্যাংক কর্তৃপক্ষের দায়ের করা হয়রানিমূলক মামলার কারণে ক্ষতিগ্রস্ত এ ব্যক্তিকে ২০ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে নির্দেশ দিয়েছে দেশের সর্বোচ্চ আদালত। বৃহস্পতিবার (২৫ জুলাই) প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন আপিল বিভাগ সোনালী ব্যাংকের করা রিভিউ আবেদন খারিজ করে এই নির্দেশ দেন। আদালত নির্দেশ দিয়েছে, রায়ের তিন মাসের মধ্যে ব্যাংক কর্তৃপক্ষকে এই অর্থ হরেন্দ্রনাথকে পরিশোধ করতে হবে। কুষ্টিয়ার খোকসা উপজেলার হেলালপুর গ্রামের বাসিন্দা হরেন্দ্রনাথ চন্দ্র। ১৯৭৯ সালের ৩১ ডিসেম্বর ঢাকার একটি শাখায় সোনালী ব্যাংকের ক্যাশিয়ার-কাম-ক্লার্ক পদে যোগ দেন। ১৯৮২ সালে রেমিট্যান্স সংক্রান্ত ১৬ লাখ ১৬

৩-এর পৃষ্ঠা দেখুন

## আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে নতুন ব্যানার, শুরু পরিষ্কার-পরিচ্ছন্নতা

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর গুলিস্তানে অবস্থিত আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দীর্ঘ এক বছর পরিত্যক্ত থাকার পর নতুন ব্যানার টাঙিয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ শুরু হয়েছে। আগের 'জুলাই যোদ্ধার প্রধান কার্যালয়' ব্যানারটি সরিয়ে সেখানে 'আন্তর্জাতিক ফ্যাসিজম ও গণহত্যা গবেষণা ইনস্টিটিউট' নামে দুটি ব্যানার টাঙানো হয়েছে। গত বুধবার থেকে ১০ তলা বিশিষ্ট ভবনটির পরিষ্কারের কাজ শুরু হয়। শুক্রবার পরিষ্কারের কাজে কর্মীরা ময়লা আবর্জনা সরানোর পাশাপাশি ভবনের বিভিন্ন তলা পরিষ্কার করতে দেখা গেছে। ভবনের নিচতলা থেকে শুরু করে উপরের তলা পর্যন্ত জমে থাকা ইটের খোয়া ও ময়লা সরানো হচ্ছে। পরিষ্কারের কাজে নিয়োজিতরা জানায়, ভবনটি সম্পূর্ণ পরিষ্কার করার পর এটি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের হাতে হস্তান্তর করা হবে। ভবনটিতে জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে আহত ও শহীদ পরিবারের জন্য অফিস চালানো হবে। তবে 'আন্তর্জাতিক ফ্যাসিজম ও গণহত্যা গবেষণা ইনস্টিটিউট' নামের এই প্রতিষ্ঠানের বিষয়ে তারা বিস্তারিত কিছু জানাননি। গত বছরের ৫ আগস্ট ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের দিন বিকেলেই আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে অগ্নিসংযোগ ও ভাঙচুর হয়। এরপর থেকে ভবনটি পরিত্যক্ত ছিল। দীর্ঘ সময় ধরে সেখানে লুটপাট চলে, ভবনের আসবাবপত্র ও ধাতব সামগ্রী চুরি হয়েছে। ভবনটি শৌচাগার এবং নেশাকারীদের আড্ডাস্থল হিসেবে পরিণত হয়। ময়লা আবর্জনার কারণে ভবনের আশেপাশের রাস্তার বায়ু নাক সেঁকে দেওয়া গন্ধে ভরে উঠেছিল। ২০১৮ সালের ২৩ জুন ১০ কোটি টাকার বিনিয়োগে গুলিস্তানে নির্মিত এই আধুনিক ১০ তলা বিশিষ্ট



৩-এর পৃষ্ঠা দেখুন

## পশ্চিমবঙ্গে বজ্রপাতে ১৫ জনের মৃত্যু: মৃতদের অধিকাংশই কৃষক

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যে বৃহস্পতিবার (২৪ জুলাই) দিনের বিভিন্ন সময়ে বজ্রপাতে প্রাণ হারিয়েছেন অন্তত ১৫ জন। গুরুতর আহত হয়েছেন আরও অনেকে। রাজ্যের তিনটি জেলাড় বাঁকুড়া, পূর্ব বর্ধমান ও পশ্চিম মেদিনীপুরে এসব মর্মান্তিক ঘটনা ঘটেছে। আবহাওয়া দপ্তর আগেই রাজ্যে প্রবল ঝড়-বৃষ্টির পূর্বাভাস দিয়েছিল। সেই অনুযায়ী, বৃহস্পতিবার দুপুরের পর থেকেই বিভিন্ন জেলায় শুরু হয় তীব্র বজ্রঝড়। ঝড়বৃষ্টির মধ্যে অধিকাংশ মানুষ যখন নিরাপদ আশ্রয়ে চলে গিয়েছিলেন, তখন অনেক কৃষক মাঠে আমন ধান রোপণে ব্যস্ত ছিলেন। খোলা জায়গায় অবস্থান করার সময়ই বজ্রাঘাতের শিকার হন তারা। বাঁকুড়ায় নিহত ৯ জন, আহত আরও অনেকে। বাঁকুড়ার কোতুলপুর, ওন্দা, ইন্দাস ও জয়পুর এলাকায় এসব

৩-এর পৃষ্ঠা দেখুন



## ফেনী সীমান্তে বিএসএফের গুলিতে দুই বাংলাদেশি নিহত

সূর্যোদয় প্রতিবেদন

ফেনীর পরশুরাম উপজেলার বাঁশপদুয়া সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)-এর গুলিতে দুই বাংলাদেশি যুবক নিহত এবং একজন আহত হয়েছেন। বৃহস্পতিবার (২৪ জুলাই) গভীর রাতে এ ঘটনা ঘটে বলে নিশ্চিত করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। নিহতরা হলেনড়পরশুরাম উপজেলার বাঁশপদুয়া গ্রামের ইউসুফ মিয়ার ছেলে মিল্লাত হোসেন (২১) এবং একই গ্রামের গাছি মিয়ার ছেলে লিটন (৩২)। আহত ব্যক্তি মো. আফছার (৩১), যিনি একই গ্রামের এয়ার আহম্মদের ছেলে। বিজিবি-৪ ফেনী ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ মোশারফ হোসেন জানান, বৃহস্পতিবার রাতে তিন যুবক গুথুমা বিওপির আওতাধীন সীমান্ত পিলার ২১৬৪/৩-এস অতিক্রম করে ভারতের অভ্যন্তরে প্রবেশ করেন। চোরাচালানির

৩-এর পৃষ্ঠা দেখুন



## সমর্থকের সঙ্গে বাকবিতণ্ডা, ক্ষোভে সান্তোসই ছেড়ে দেবেন নেইমার

সূর্যোদয় প্রতিবেদন

শৈশবের ক্লাব সান্তোসকে হৃদয়ের টানে বেছে নিয়েছেন নেইমার। বিশ্ব ফুটবলের এই উজ্জ্বল তারকা ফেরার পর থেকেই চেয়েছেন ক্লাবকে সাহায্য করতে। কিন্তু সাম্প্রতিক এক ঘটনায় যেন মন ভেঙে গেছে


৩-এর পৃষ্ঠা দেখুন

## নেতানিয়াহুকে হত্যার ষড়যন্ত্রে অভিযুক্ত সরকারবিরোধী বৃদ্ধা গ্রেফতার

সূর্যোদয় প্রতিবেদন

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে হত্যার পরিকল্পনার অভিযোগে দেশটির প্রসিকিউশন বিভাগ ৭৩ বছর বয়সী এক নারীকে গ্রেফতার করেছে। বৃহস্পতিবার এ তথ্য নিশ্চিত করে প্রসিকিউশন বিভাগ। তেলআবিবের বাসিন্দা ওই নারী দীর্ঘদিন ধরে সরকারবিরোধী আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন। অভিযোগপত্রে বলা হয়েছে, তিনি ক্যানসারে আক্রান্ত হওয়ার পর প্রধানমন্ত্রী নেতানিয়াহুকে 'ইসরায়েলের জন্য হুমকি' মনে করে তাকে

৩-এর পৃষ্ঠা দেখুন



## রেসলিং কিংবদন্তি হাল্ক হোগান আর নেই

সূর্যোদয় প্রতিবেদন

পেশাদার কুস্তি জগতের এক কিংবদন্তি, হাল্ক হোগান আর নেই। স্থানীয় সময় বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় নিজ বাসভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশি' বানিয়ে দিল্লি থেকে বহিস্কার দুই পরিবার

সূর্যোদয় প্রতিবেদন

দিল্লি থেকে বাংলাদেশে ঠেলে পাঠানো হয়েছে দুই ভারতীয় পরিবারের ছয়জন সদস্যকে। প্রায় দেড় দশক ধরে দিল্লিতে ভাঙারি কুড়িয়ে জীবিকা নির্বাহকারী ওই দুই পরিবারকে বাংলাদেশি বলে চিহ্নিত করে ভারতীয় কর্তৃপক্ষ। অথচ পশ্চিমবঙ্গের পুলিশ এবং পরিযায়ী শ্রমিকদের কল্যাণে কাজ করা সংগঠনগুলোর মতে, এই পরিবারগুলো আসলে ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের বীরভূম জেলারই স্থায়ী বাসিন্দা। দিল্লির রোহিণী এলাকার ২৬ নম্বর সেক্টরে

৩-এর পৃষ্ঠা দেখুন

শর্মা ফুড প্লাজা

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।

মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস, বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স, মিট বক্স এড, পাস্তা, সালাদ, ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা, কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

প্রযুক্তি

## শিশুদের জন্য 'বেবি গ্রক' নামের বিশেষ অ্যাপ আনছেন ইলন মাস্ক

সূর্যোদয় প্রতিবেদন



বিশ্বখ্যাত উদ্যোক্তা ও প্রযুক্তিপ্রেমী ইলন মাস্ক এবার শিশুদের জন্য একটি বিশেষ অ্যাপ আনার ঘোষণা দিয়েছেন। 'বেবি গ্রক' নামে এই অ্যাপটি তৈরি করছে মাস্কের কৃত্রিম বুদ্ধিমত্তা গবেষণাপ্রতিষ্ঠান এক্সএআই । ছোটদের মানসিক বিকাশ ও নিরাপদ ডিজিটাল অভিজ্ঞতার কথা মাথায় রেখেই তৈরি হবে অ্যাপটি, যেখানে থাকবে শিশুবান্ধব কনটেন্ট। রোববার (২০ জুলাই) নিজের সোশ্যাল প্ল্যাটফর্ম এক্স-এ এক পোস্টে এই নতুন উদ্যোগের কথা জানান মাস্ক। তিনি লেখেন, 'শিশুদের জন্য বিশেষ অ্যাপ আনছি, নাম হবে বেবি গ্রক।' গত বছরই ইলন মাস্ক প্রকাশ্যে বলেছিলেন, অতিরিক্ত সোশ্যাল মিডিয়া ব্যবহারে শিশুদের ডোপামিন লেভেলে বিরূপ প্রভাব পড়ে। তিনি অভিভাবকদের সতর্ক করে বলেছিলেন, শিশুদের যেন সামাজিক যোগাযোগমাধ্যমে অতিরিক্ত সময় ব্যয় করতে না দেওয়া হয়। এবার সেই চিন্তারই বাস্তব রূপ হিসেবে সামনে আসছে 'বেবি গ্রক' অ্যাপটি। মাস্কের মালিকানাধীন এক্সএআই সংস্থা ইতোমধ্যে 'গ্রক' নামের একটি কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক প্ল্যাটফর্ম পরিচালনা করে, যা সামাজিক মাধ্যম এক্স-এ সংযুক্ত রয়েছে। ধারণা করা হচ্ছে, এই একই প্রযুক্তির ওপর ভিত্তি করেই শিশুদের জন্য আলাদা

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুষ্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শনিবার, ২৬ জুলাই ২০২৫ ইং

# মেহেরপুরে বাইক দুর্ঘটনায় মৃত্যু: ট্র্যাজেডি রোধে চাই সামাজিক সচেতনতা

রাব্বি আহম্মেদ



গত ২২ জুলাই মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মোড়ে একটি মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় ১৯ বছর বয়সী এক কলেজছাত্রের মৃত্যু ঘটে। প্রত্যক্ষদর্শীদের ভাষ্য অনুযায়ী, অতিরিক্ত গতি ও হেলমেট না পরার কারণে এই দুর্ঘটনাটি ঘটে। এমন দুর্ঘটনা এখন আর বিরল নয়; বরং দেশের বিভিন্ন প্রান্তে প্রতিদিনই সড়কে ঝরে যাচ্ছে তরতাজা প্রাণ। বিশেষ করে মোটরসাইকেল দুর্ঘটনার হার আশঙ্কাজনক হারে বেড়েছে।

বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির তথ্য অনুযায়ী, ২০২৩ সালে দেশে মোট ৯,৭৫১ জন সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন। এর মধ্যে প্রায় ২,৮০০ জনই মোটরসাইকেল দুর্ঘটনার শিকার। অর্থাৎ মোট মৃত্যুর প্রায় ৩০ শতাংশই ঘটেছে এই এক বাহনের কারণে। শুধু তা-ই নয়, দুর্ঘটনায় নিহতদের প্রায় ৬৫ শতাংশের বয়স ১৫ থেকে ৩০ বছরের মধ্যে। তরুণ সমাজের এই বিপর্যয় একটি জাতির ভবিষ্যৎকে প্রশ্নবিদ্ধ করে।

মেহেরপুর জেলার চিত্রটিও বিচ্ছিন্ন নয়। গত এক বছরে এই জেলায় সড়ক দুর্ঘটনায় অন্তত ৩৪ জন প্রাণ হারিয়েছেন, যাদের অধিকাংশই তরুণ এবং বেশিরভাগ ক্ষেত্রে হেলমেট পরা ছিল না। মেহেরপুরের মতো ছোট শহরে রাস্তা সরু ও জনাকীর্ণ, যেখানে অতিরিক্ত গতি ও ট্রাফিক নিয়ম না মানলে দুর্ঘটনা একেবারেই অনিবার্য হয়ে দাঁড়ায়। এ অবস্থার জন্য দায় কার? প্রশ্নটি শুধু চালকদের দিকে তাকিয়ে সমাধান করা যাবে না। বরং এটি একটি বহুমাত্রিক সামাজিক সংকট, যার সঙ্গে জড়িত আমাদের সচেতনতার ঘাটতি, আইন প্রয়োগের দুর্বলতা এবং পারিবারিক ও সামাজিক অবহেলা। প্রথমত, ট্রাফিক আইন প্রয়োগে ঘাটতি রয়েছে। অনেক এলাকায় ট্রাফিক পুলিশ নেই কিংবা নিয়মিত নজরদারির ব্যবস্থা নেই। দ্বিতীয়ত, ড্রাইভিং প্রশিক্ষণ ও লাইসেন্স ছাড়া বাইক চালানো একটি স্বাভাবিক সংস্কৃতিতে রূপ নিয়েছে। বেশিরভাগ চালক কোনো আনুষ্ঠানিক প্রশিক্ষণ ছাড়াই রাস্তার উপর নেমে পড়ছে। তৃতীয়ত, পরিবার ও সমাজের পক্ষ থেকেও যথাযথ সচেতনতা বা নির্দেশনা প্রদান করা হচ্ছে না। বরং বাইক চালানোকে "বড় হওয়া" বা "সাহসিকতা"র প্রতীক হিসেবে তুলে ধরা হচ্ছে, যা তরুণদের আরও বেপরোয়া করে তোলে। এই পরিস্থিতি থেকে উত্তরণের জন্য প্রয়োজন একটি সমন্বিত পদক্ষেপ। প্রথমত, স্থানীয় প্রশাসনের তত্ত্বাবধানে স্কুল-কলেজে ট্রাফিক সচেতনতা বিষয়ক কর্মসূচি চালু করা উচিত। দ্বিতীয়ত, প্রতিটি উপজেলায় বৈধ ড্রাইভিং প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও লাইসেন্স ব্যবস্থা সহজতর করতে হবে। তৃতীয়ত, স্থানীয় জনপ্রতিনিধি ও সুশীল সমাজের অংশগ্রহণে "নিরাপদ সড়ক চাই" ধাঁচের ক্যাম্পেইন জোরদার করা যেতে পারে। চতুর্থত, মিডিয়ার মাধ্যমে হেলমেট ব্যবহারের প্রয়োজনীয়তা, অতিরিক্ত গতি নিয়ন্ত্রণ ও সড়ক সচেতনতা নিয়ে ধারাবাহিক প্রচার চালানো জরুরি। সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন। বাইক চালানো কোনো বাহাদুরি নয় এটি একটি দায়িত্ব। একজন চালকের অসতর্কতায় যেমন তার নিজের জীবন, তেমনি অন্যের জীবনও বিপন্ন হতে পারে। সড়ক যেন মৃত্যু ফাঁদ না হয়ে দাঁড়ায়, সে জন্য এখনই আমাদের সচেতনতার দেয়াল গড়ে তুলতে হবে। প্রতিটি মৃত্যু একটি পরিবারের স্বপ্নভঙ্গ, জাতির অপূরণীয় ক্ষতি। আরেকটি প্রাণ ঝরে যাওয়ার আগে সমাজকে জেগে উঠতেই হবে। (লেখক: সাংবাদিক)

## মেহেরপুরে শিক্ষা প্রতিষ্ঠান ও আদালত চত্বরে নিরাপত্তাহীনতা কেন?

মেহেরপুরের দুইটি ভিন্ন প্রবাহী ঘটনা মুজিবনগর আদর্শ মহিলা কলেজের এক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী অপহরণের অভিযোগ এবং আদালত চত্বরেই এক জামাতাকে অপহরণের চেষ্টার ঘটনা আমাদের সামাজিক ও আইনগত কাঠামোর ওপর গুরুতর প্রশ্ন তোলে।

প্রথম ঘটনাটি একটি শিক্ষাপ্রতিষ্ঠানের ভেতর ঘটে, যেখানে ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার কথা প্রতিষ্ঠানটির প্রশাসনের। সমাজকর্ম বিভাগের শিক্ষক নুরুল ইসলাম যেভাবে অভিযুক্ত হয়েছেন, তাতে শিক্ষক-শিক্ষার্থীর পবিত্র সম্পর্ক ভেঙে পড়ার আশঙ্কা সৃষ্টি হয়েছে। সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, ছাত্রীর বাবা পুলিশের কাছে সহযোগিতা না পেয়ে নিজেই কৌশলে মেয়ে ও অভিযুক্ত শিক্ষককে কলেজে ডেকে এনে ব্যবস্থা নিতে বাধ্য হন। এ থেকে পুলিশের নিষক্রিয়তা ও রাজনৈতিক প্রভাবের ছায়া স্পষ্টভাবে উঠে আসে। এমনকি স্থানীয় রাজনৈতিক নেতাদের ভূমিকা এবং স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করানোর অজুহাত তুলে ছাত্রীকে থানায় যেতে না দেওয়া, আইনের স্বাভাবিক প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করে। অন্যদিকে, দ্বিতীয় ঘটনাটি আদালত চত্বরে ঘটে, যেখানে প্রত্যেক নাগরিকের নিরাপত্তা নিশ্চিত হওয়ার কথা। যৌতুক মামলায় হাজিরা দিতে আসা সুকুমার মজুমদারকে তারই স্ত্রী ও শ্বশুরপক্ষ প্রকাশ্যে অপহরণের চেষ্টা করেন। এই ঘটনার নৈতিক ও সামাজিক অবক্ষয় গভীরতর। সৌভাগ্যবশত আইনজীবী ও পথচারীদের তাৎক্ষণিক হস্তক্ষেপে ঘটনা বড় ধরনের দুর্ঘটনায় রূপ নেয়নি। কিন্তু প্রশ্ন থেকে যায়, আইনজীবী ভবনের সামনে এমন দুঃসাহসিক অপহরণচেষ্টা কিভাবে সম্ভব হলো? এই দুই ঘটনা প্রমাণ করে, পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান ও আইনালয়ের মধ্যেও নিরাপত্তাহীনতা প্রবলভাবে বিরাজ করছে। আইনের শাসন, বিচার প্রক্রিয়ার স্বচ্ছতা, এবং রাজনৈতিক প্রভাবমুক্ত প্রশাসন নিশ্চিত না করা গেলে সমাজে বিচারহীনতার সংস্কৃতি আরও শক্তিশালী হবে। আমরা প্রশাসনের কাছে জোরালোভাবে দাবি জানাই: শিক্ষাপ্রতিষ্ঠানে যৌন নিপীড়ন ও ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা বিষয়ে স্পষ্ট নীতিমালা ও নজরদারি ব্যবস্থা গ্রহণ করতে হবে। আদালত এলাকায় নিরাপত্তা বাড়াতে হবে এবং প্রতিটি মামলার পক্ষকে পুলিশি সহায়তা নিশ্চিত করতে হবে। আইনের প্রয়োগ যেন রাজনৈতিক ছত্রছায়ায় পড়াশোনা না করে, সেজন্য প্রশাসনকে নিরপেক্ষতা বজায় রাখতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান ও বিচারব্যবস্থায় মানুষের আস্থা ফিরিয়ে আনতে হলে এই ধরনের ঘটনা যেন বিচ্ছিন্ন না থেকে বিচার ও প্রতিকার নিশ্চিত হয় সেটাই হোক আমাদের সামষ্টিক প্রত্যাশা।

## মেহেরপুরে গ্রামীণ ঋণের নামে

১ থেকে ৭ জুলাইয়ের মধ্যে মাঠপাড়া, ঝাউবাড়িয়া, তেরঘোরিয়া, কুতুবপুর, সহগলপুরসহ আশেপাশের গ্রাম থেকে প্রায় ১ লাখ ৫০ হাজার টাকা ভর্তি ফি বাবদ আদায় করা হয়। প্রতি সদস্যের কাছ থেকে নেওয়া হয় ১০০ টাকা, দেওয়া হয় সদস্য নম্বর ও "ঋণ অনুমোদনের তারিখ"। ভুক্তভোগী রফিকুল ইসলাম বলেন, "বাড়ি বাড়ি গিয়ে বলে আপনারা সদস্য হন, ৫০ হাজার টাকা পর্যন্ত ঋণ পাবেন। আমার স্ত্রীর নামেও ফরম পূরণ করে ২০০ টাকা দিয়েছি। এখন কোনো অফিস নেই, কেউ ফোনও ধরে না।" তাঁর মতো আরও অন্তত ৭০ জন একই অভিজ্ঞতা বর্ণনা করেছেন। পুলিশ বলছে চক্রটিকে চিহ্নিত করা হচ্ছে। মেহেরপুর সদর থানার ডিউটি অফিসার জানান, "শারমিন নাহারকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে, তারা একটি দালাল চক্রের হয়ে কাজ করছে। রিয়াজ উদ্দিনসহ আরও কয়েকজন পলাতক রয়েছে। তদন্তের পর প্রক্রিয়া অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।" স্থানীয় অভিজ্ঞ মহলের মতে, মেহেরপুরসহ সীমান্তবর্তী জেলা ও গ্রামাঞ্চলে শিক্ষা ও তথ্যপ্রযুক্তির সীমাবদ্ধতার সুযোগে প্রতারক চক্র সহজেই বিশ্বাস অর্জন করে অর্থ হাতিয়ে নেয়। এনজিও কিংবা মাইক্রোক্রেডিট নামধারী সংস্থার আড়ালে তারা চলে গা-ঢাকা দেওয়ার কৌশলে। মেহেরপুর প্রলিশ প্রশাসন থেকে বলা হয়েছে, "গ্রামীণ ঋণের নামে কেউ টাকা দাবি করলে অবশ্যই তাদের কাগজপত্র যাচাই করুন। ইউনিয়ন পরিষদ বা উপজেলা অফিসে খোঁজ না নিয়ে অর্থ লেনদেন করা বিপজ্জনক।"

## তিন দিনের লড়াই শেষে চির নিদ্রায়

উঠে পরিবেশ। স্বজনদের চোখে অশ্রু আর মুখে বিষাদের ছাপ। বারবার ভেঙে পড়ছিলেন পরিবারের সদস্যরা, প্রতিবেশীরা তাদের সান্ত্বনা দেওয়ার চেষ্টা করেন। মাহিয়ার মা আফরোজা আক্তার বিউটি কথা বলতে গিয়েও কান্নায় ভেঙে পড়েন। তিনি বলেন, "কি আর বলবো? বললে কি মেয়েকে ফিরে পাবো? আবাসিক এলাকায় কেন বহু পুরোনো বিমান উড়বে!" তার বড় বোন মিম কান্নাজড়িত কণ্ঠে বলেন, "মায়া তিন বোনের মধ্যে মেঝো। ও নিজেই স্কুল বাসে যাতায়াত করত। খুবই পরিশীলিত আর দায়িত্বশীল মেয়ে ছিল। দুর্ঘটনার পর ওর এক সিনিয়র আপু ফোন করে আমাদের জানায়, তখন থেকেই আমরা ছুটে যাই বার্ন ইউনিটে। মায়ার মৃত্যু সংবাদে শোকের ছায়া নেমে এসেছে তার পরিবার ও আত্মীয়-স্বজনদের মধ্যে।" নিহতের এক ভাই বলেন, ''ছুটির পরও তাকে বাধ্য করা হয়েছিলো কোচিং এর জন্য। কোচিং ফি স্কুলের ফির থেকে বেশী। কেউ কোচিং করতে না চাইলে বাবা মাকে অপমান করা হয়, শিক্ষার্থীদের অপমান করা হয়।" মাহিয়ার মামা অভিযোগ করে বেলেন "ওদের ক্লাস শেষ হয়ে গিয়েছিলো, কোচিং জন্য তারা অপেক্ষা করছিলো। যদি কোচিং না থাকতো হয়ত ঐ দিন হয়ত বেঁচে যেতে পারতো।" স্থানীয় এলাকাবাসীর অভিমত এ হত্যার দায় কে নেবে? এর দায় রাষ্ট্রকেই নিতে হবে। মাহিয়ার নানা নজরুল ইসলাম বলেন, "বিমান বিধ্বস্ত হয়ে ওখানকার অষ্টম শ্রেণির অনেক শিক্ষার্থী ক্ষতিগ্রস্ত হয়েছে। মাহি-য়া তার বাবার মতোই মেধাবী ছিল। স্বামী হারিয়ে মেয়েকেও হারিয়ে আমার মেয়ে আজ একেবারে একা হয়ে গেল। এ ক্ষতি পূরণের নয়।"

## গাংনীতে দিন দুপুরে সোনার গহনা চুরি

নিয়ে গেছে। তিনি আরও জানান, ঘটনার পর দ্রুত গাংনী থানায় অভিযোগ করা হয়েছে। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল বলেন, "চুরির খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থল পরিদর্শন করেছে। আমরা এখন চোরদের শনাক্ত ও চুরি হওয়া মালামাল উদ্ধারের চেষ্টা চালাচ্ছি। তদন্ত প্রক্রিয়া জোরদার করা হয়েছে।"

স্থানীয়দের মধ্যে চুরির ঘটনাটি নিয়ে ব্যাপক উদ্বেগ বিরাজ করছে। তারা স্থানীয় প্রশাসনের প্রতি দ্রুত ও কার্যকর ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়েছে।

## গাংনীতে ফুটবল খেলায় দু'পক্ষের

তিনজন আহত হয়েছেন। আহতরা হলেন গাংনীর শিশিরপাড়া মহল্লার রিপনের ছেলে সামিউল (১৬), আলেকের ছেলে সাব্বির (১৫) এবং বাঁশবাড়িয়া গ্রামের অলিউল্লাহর ছেলে রুবেল হোসেন (৩৫)। প্রত্যক্ষদর্শী ও স্থানীয়রা জানান, খেলা শুরু হওয়ার পর মাঠের পাশে ভালো জায়গায় বসার জন্য উভয় পক্ষের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়। ধীরে ধীরে উত্তেজনা বাড়তে থাকে এবং তা হাতাহাতিতে রূপ নেয়। স্থানীয়রা দ্রুত আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সামিউল ও সাব্বিরকে প্রাথমিক চিকিৎসার পর সেখানে ভর্তি রাখা হয়েছে। অন্যদিকে রুবেল হোসেনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে স্থানান্তর করা হয়। গাংনী থানার ওসি বানী ইসরাইল ঘটনাটির সত্যতা নিশ্চিত করে বলেন, "খেলা দেখতে বসার স্থান নিয়ে বিরোধের জেরে সংঘর্ষ হয়েছে। আমরা পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছি এবং ঘটনায় জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা করছি।"

## বৃষ্টি থামাতে পারেনি প্রচারণা

কামরুল হাসান পথচারী ও দোকানিদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং প্রস্তুতকৃত লিফলেট বিতরণ করেন। তিনি বলেন, "গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে ৩১ দফা বাস্তবায়ন একটি যুগান্তকারী পদক্ষেপ। এই কর্মসূচির প্রতিটি ধাপে জনগণের জীবন ও রাষ্ট্রীয় কাঠামোতে ইতিবাচক পরিবর্তন আনবে।" এসময় তিনি সরকারের 'দুর্নীতি, দমন-পীড়ন ও গণতন্ত্রহীনতার' বিরুদ্ধে জনগণকে সোচ্চার হওয়ার আহ্বান জানান। সাধারণ মানুষের মধ্যে

# দাফনের পর কবরের পাশে দাঁড়িয়ে দোয়া করা যাবে?

মাওলানা মানযার হাসিন

দাফনের পর কেবলামুখী হয়ে মায়্যেতের জন্য দোয়া করা হাদিস দ্বারা প্রমাণিত আছে। উসমান রা. থেকে বর্ণিত, তিনি বলেনু নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মায়্যেতের দাফনের কাজ শেষ করে সেখানে অবস্থান করতেন এবং বলতেন, তোমরা তোমাদের ভাইয়ের জন্য ইস্তিগফার কর, তার জন্য দৃঢ়তার দোয়া কর (যেন সে সঠিক উত্তর দিতে পারে)। কেননা এখন তাকে প্রশ্ন করা হবে। (সুনানে আবু দাউদ, হাদিস ৩২১৩) আরেক হাদিসে আবদুল্লাহ ইবনে মাসউদ রা. থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেনু তাবুক যুদ্ধে আমি দেখলাম, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবদুল্লাহ যুল বিজাদাইনের কবরে নামেন। আবু বকর ও উমর রা. তার সঙ্গে ছিলেন। নবীজী বলেন, তোমাদের ভাইকে আমার কাছে দাও। তিনি তাকে কেবলার দিক থেকে নিয়ে কবরে রাখেন। অতঃপর তিনি কবর থেকে উঠে বাকি কাজ আবু বকর ও উমর রা.-কে করতে দেন। দাফন থেকে অবসর হয়ে নবীজী কেবলামুখী হয়ে হাত তুলে এই দোয়া করেন হে আল্লাহ, আমি তার প্রতি সন্তুষ্ট। সুতরাং আপনিও তার প্রতি সন্তুষ্ট হয়ে যান। (হিলইয়াতুল আউলিয়া ১/১২২; মারিফাতুস সাহাবা ৩/১৩৫) এসব হাদিসের আলোকে ফকীহরা দাফনের পর মৃতের জন্য দোয়া করাকে মুস্তাহাব বলেছেন। তাই একে অবৈধ বা বিদআত বলা কিছুতেই ঠিক নয়।আর এক্ষেত্রে একাকী বা সম্মিলিত দুভাবেই দুআ করা যাবে। তবে দোয়া করলে কবরকে সামনে রেখে দোয়া করবে না; বরং কবর থেকে সরে গিয়ে কবরকে পেছনে বা পাশে রেখে কিবলামুখী হয়ে দাঁড়ানো অবস্থায় দুআ করবে। সূত্র: মুসান্নাফে ইবনে আবী শাইবা, বর্ণনা ১১৮২৭; ফাতহুল বারী ১১/১৪৮; আলজাওহারাতুন নায়্যিরা ১/১৪১; ফাতাওয়া হিন্দিয়া ১/১৬৬; রদ্দুল মুহতার ২/২৩৭

রাজনৈতিক সচেতনতা তৈরির ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, "এই আন্দোলনে জনগণের সক্রিয় অংশগ্রহণই পারে দেশের ভবিষ্যৎ বদলে দিতে।" গণসংযোগে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ইলিয়াস হোসেন, হাফিজুর রহমান হাফী, ওমর ফারুক লিটন, জেলা জাসাসের সদস্য সচিব এ. বাকাবিল্লা, স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব আজমল হোসেন মোল্লা মিন্টুসহ বিএনপি ও অঙ্গ-সংগঠনের অন্যান্য নেতাকর্মীরা।

## দেশের জন্য একটি ভালো কাজ করে

সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, "আমি দীর্ঘ সরকারি চাকরি জীবনে নানা দায়িত্ব পালন করেছি, অনেক অভিজ্ঞতা অর্জন করেছি। তবে এই মুহূর্তে আমার কাঁধে যে দায়িত্ব, সেটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও চ্যালেঞ্জিং। একটি গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে দেশের গণতান্ত্রিক ধারা ও জনগণের আস্থা ফিরিয়ে আনতে চাই।" তিনি আরও বলেন, "এই দায়িত্ব পালনে এককভাবে কিছু করা সম্ভব নয়। এজন্য দেশের প্রতিটি নাগরিকের সহযোগিতা ও শুভকামনা প্রয়োজন। আমি দেশবাসীর দোয়া ও সহমর্মিতা কামনা করছি।" বক্তব্যে তিনি সম্প্রতি ঢাকায় ঘটে যাওয়া বিমান দুর্ঘটনায় নিহত ও আহতদের প্রতি গভীর শোক প্রকাশ করেন এবং দোয়ার আহ্বান জানান। পাশাপাশি মাইলস্টোন স্কুলের দুর্ঘটনায় নিহত শিক্ষার্থীদের স্মরণেও দোয়া মাহফিলে অংশ নেন এবং তাঁদের পরিবারের প্রতি সমবেদনা জানান। সিইসির সঙ্গে যশোরের জেলা প্রশাসক মো. আজাহারুল ইসলাম, স্থানীয় প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও সাধারণ মুসল্লিরা উপস্থিত ছিলেন।

## বাবার স্বপ্নপূরণে হেলিকপ্টারে চড়ে বিয়ে

ইব্রাহিম খলিলের কন্যা। তিনি মাদ্রাসায় মাওলানা বিষয়ে পড়াশোনা করছিলেন। কনের পিতা ইব্রাহিম খলিল বলেন, "আমার কন্যার পাঁচ মাস আগে শাকিবের সাথে বিয়ে হয়। এরপর আমার বেয়াই বিল্লাল খানের স্বপ্ন পূরণের জন্য জামাই হেলিকপ্টারে করে আমার কন্যাকে তুলে নিতে আসলো। আমরা সবাই এর জন্য খুবই খুশি।"

বিয়ের আনুষ্ঠানিকতা শেষে বর-কনে আবারও হেলিকপ্টারে উঠে নিজ বাড়ির উদ্দেশ্যে রওনা দেন।

## নির্বাচন যত দেরি হবে, সরকার তত

নির্বাচন যত বিলম্বিত হবে, তত বেশি তারা প্রশ্নবিদ্ধ হবে এবং সংকট ঘনীভূত হবে।" তিনি বলেন, "সমন্বয়হীনতা ও অভিজ্ঞতার অভাব থেকেই আজকের এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। অন্তর্বর্তী সরকার হিসেবে যারা দায়িত্বে আছে, তারা আজ নানা বিতর্কের কেন্দ্রবিন্দুতে।" বিমান দুর্ঘটনার প্রসঙ্গে গয়েশ্বর বলেন, "চারদিন হয়ে গেলেও বিমানবাহিনী এখনো কোনো দায় নিচ্ছে না। এটা দুঃখজনক। সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ীদের খুঁজে বের করে কঠোর বিচারের আওতায় আনতে হবে, যাতে ভবিষ্যতে এমন দুর্ঘটনা আর না ঘটে।" উল্লেখ্য, গত সপ্তাহে রাজধানীতে বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান দুর্ঘটনায় পড়ে ৩য় শ্রেণির শিক্ষার্থী নুসরাত জাহান আনিকা নিহত হয়। ঘটনাটি দেশজুড়ে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি করে।

## সাখাওয়াত হোসেন

আমাদের স্থান প্রতিষ্ঠা করতে চাই। নিজেদের মধ্যে বিভেদে পড়ে সময় নষ্ট করা উচিত নয়।" এদিন তিনি বন্দরে আন্তর্জাতিক মানের নতুন কেমিক্যাল শেডের উদ্বোধন করেন। ব্রিগেডিয়ার জেনারেল সাখাওয়াত হোসেন বলেন, "নিউ মুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) নিয়ে নানা আলোচনা চললেও যারা আগে দায়িত্ব পালন করেছেন তারা ভালো কাজই করেছেন। তবে এখন আমাদের লক্ষ্য আরও বেশি দক্ষতা ও কার্যকারিতা আনা।" তিনি আরও বলেন, "এনসিটির কনটেইনার লোডিং কার্যক্রম সিঙ্গাপুর হয়ে ট্রান্সশিপমেন্ট হবে, যেখানে অধিকাংশ পোর্টই প্রাইভেটলি পরিচালিত হয়। আমাদের যদি দক্ষতা বাড়াতে হয়, আন্তর্জাতিক প্রযুক্তি ও অপারেটরের অংশগ্রহণ জরুরি। তবে পুরো পরিচালনা বাংলাদেশের নিয়ন্ত্রণে থাকবে।" উপদেষ্টা জানান, "বর্তমান ইন্টারিম পিরিয়ডে এনসিটি পরিচালনার দায়িত্ব দেওয়া হয়েছে ড্রাইডককে, যার সঙ্গে নৌবাহিনী যুক্ত রয়েছে। এর ফলে গড়ে ৩০ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে, যা বড় ধরনের অগ্রগতি।" তিনি বলেন, "বন্দরের ট্যারিফ বৃদ্ধি নিয়ে এককভাবে মন্ত্রণালয় সিদ্ধান্ত নেয়নি; আন্তঃমন্ত্রণালয় ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনা করে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্বব্যাপী প্রধান বন্দরের ট্যারিফের তুলনায় চট্টগ্রামের ট্যারিফ এখনও অনেক কম, এমনকি মোংলা বন্দরের থেকেও।" ব্রিগেডিয়ার জেনারেল সাখাওয়াত হোসেন দেশের অর্থনীতির জন্য চট্টগ্রাম বন্দরের গুরুত্ব তুলে ধরে সবাইকে একযোগে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, "আমাদের লক্ষ্য দেশের অর্থনৈতিক সুরক্ষা ও উন্নয়নের জন্য চট্টগ্রাম বন্দরের সক্ষমতা সর্বোচ্চ পর্যায়ে উন্নীত করা।"

## শ্রমিকের অধিকার যেন মর্যাদার সঙ্গে

শুক্রবার (২৫ জুলাই) কুষ্টিয়া শহরের টাউন হল অডিটোরিয়ামে কুষ্টিয়া জেলা ট্রাক ট্রাক্টর কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়নের বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, "শ্রমিকেরা এদেশের প্রাণশক্তি এবং দেশের উন্নয়নের মূল চালিকা শক্তি। তাদের ন্যায্য অধিকার সুনিশ্চিত করাই গণতন্ত্রের চাবিকাঠি।"

শিমুল বিশ্বাস আরও বলেন, "যতদিন শ্রমিকেরা তাদের ন্যায্য অধিকার আদায় করতে পারবেন না, ততদিন দেশে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠা হবে না। বাংলাদেশের সাত কোটি ৩৫ লাখ শ্রমিকের মধ্যে পরিবহন শ্রমিকরা সবচেয়ে সুসংগঠিত ও লড়াকু। আমরা তাদের সংগঠন শৃংখলা ও নিয়মিত পরিচালনা করে জোনজুলুম রোধে কাজ করে যাচ্ছি।" তিনি আওয়ামী লীগের শাসনামলে শ্রমিক ও সাধারণ জনগণের অধিকার হরণ ও দমন-পীড়নের কথাও উল্লেখ করে বলেন, "আমরা এই সাধারণ মানুষের পাশে ঢাল হয়ে আছি।" সভায় কুষ্টিয়া জেলা ট্রাক ট্রাক্টর কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়নের সভাপতি আলী আকবর সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম বক্স দুদু, খুলনা বিভাগীয় আঞ্চলিক কমিটির সভাপতি রবিউল হোসেন প্রমুখ।

## বিমান দুর্ঘটনায় নিহত-আহতদের

সভাপতিত্ব করেন জেলা ফেডারেশনের সভাপতি আফতাব আলী খান। উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক রোকনুজ্জামান তুষার, সদস্য মামুন-অর-রশীদসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ। স্মরণসভায় বক্তারা এই মর্মান্তিক দুর্ঘটনায় শোক প্রকাশ করে বলেন, "শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের এমন ট্র্যাজেডি গোটা জাতিকেই নাড়া দিয়েছে। দেশজুড়ে যে সহানুভূতির ঢেউ উঠেছে, এই দোয়া মাহফিল তারই অংশ।"

## জামায়াত দল নিয়ন্ত্রণ করেছে

ও মানবতার কল্যাণে। ইসলাম ও দেশপ্রেমিক সবাইকে সঙ্গে নিয়ে পথ চলতে চাই আমরা।" তিনি আরও বলেন, ইসলামী রাজনীতি মানেই অন্যায়ের বিরুদ্ধে অবস্থান, মানবতার পক্ষে কথা বলা এবং ন্যায়ের প্রতিষ্ঠা। জামায়াত আমির বলেন, "আমরা দলকে নয়, গোটা জাতিকে নিয়েই ভাবছি। গত ৫৪ বছরে জামায়াত দেশের একজন নাগরিকের প্রতিও অবিচার করেনি। আমাদের নেতাকর্মীদের কোনো বেগম পাড়া বা পিসি পাড়ায় বাড়ি নেই। জামায়াত কখনো লুটপাট বা দুর্নীতির রাজনীতি করেনি।" তিনি আরও বলেন, "আমরা এ দেশের মানুষকে ভালোবাসি। এই দেশের মাটি ও মানুষই আমাদের শক্তির উৎস। অনুকূল পরিবেশে রাজনীতি করা সহজ, কিন্তু প্রতিকূল অবস্থায় সংগ্রাম চালিয়ে যাওয়া বড় চ্যালেঞ্জ। জামায়াত সেই চ্যালেঞ্জ নিয়েই এদেশে আছে এবং থাকবে। বর্তমান সরকারের বিচারব্যবস্থার তীব্র সমালোচনা করে জামায়াত আমির বলেন, "গত সাড়ে ১৫ বছরে এই জাতি বিচার ব্যবস্থার নামে শুধু প্রহসনই দেখেছে। রাষ্ট্রযন্ত্রকে দলীয় স্বার্থে ব্যবহার করে বিরোধীদের দমন করা হয়েছে। মানুষ আজ বিচারহীনতার শিকার।" সম্মেলনে তিনি দলীয় নেতাকর্মীদের পাশাপাশি সাধারণ মানুষের প্রতিও সহযোগিতার আহ্বান জানিয়ে বলেন, "আমরা একটি ন্যায়ভিত্তিক রাষ্ট্র গঠনে সকলের সহযোগিতা চাই। জামায়াত কোনো দ্বন্দ্বের পথে হাঁটতে চায় না। আমরা ঐক্যের, সংলাপের ও শান্তির রাজনীতি করি।" এদিনের রুকন সম্মেলনে কেন্দ্রীয় ও বিভাগীয় পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন। আলোচনা পর্বে দলীয় গঠনতন্ত্র, রাজনৈতিক লক্ষ্য ও সাম্প্রতিক প্রেক্ষাপটে করণীয় নিয়ে দিকনির্দেশনা মূলক বক্তব্য দেওয়া হয়।

## মেহেরপুরে খলাফত মজলিসের প্রার্থী

সম্পাদক হযরত মাওলানা মুফতি আব্দুল গাফফার প্রধান অতিথি ছিলেন। এছাড়া মেহেরপুর সদর উপজেলা সেক্রেটারি হাফেজ ফারুক শেখ, মুজিবনগর উপজেলা সেক্রেটারি হযরত মাওলানা মুফতি আব্বাস উদ্দিন, জেলা যুব মজলিসের সভাপতি ইকরামুল হক, সাধারণ সম্পাদক সিফাতসহ দলের অন্যান্য গুরুত্বপূর্ণ নেতৃবৃন্দ ও কর্মীরা উপস্থিত ছিলেন। সমাবেশে মুফতি হোসাইন আহমেদের মনোনয়নকে মেহেরপুর-১ আসনের জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন বলে অভিহিত করা হয়। বক্তারা বলেন, মুফতি হোসাইন আহমেদ একজন দায়িত্বশীল ধর্মীয় নেতৃ এবং সমাজসেবক, যিনি এলাকার উন্নয়ন ও কল্যাণের জন্য নিরলসভাবে কাজ করে আসছেন। তার নেতৃত্বে খেলাফত মজলিস একটি শক্তিশালী ঐক্যবদ্ধ দল হিসেবে নির্বাচনী মাঠে অংশগ্রহণ করবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন নেতারা। উক্ত অনুষ্ঠানে বক্তারা বলেন, জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-১ আসনে মুফতি হোসাইন আহমেদের প্রার্থী হিসেবে মনোনয়ন দেওয়ায় দলের যুবক-কিশোর থেকে শুরু করে প্রবীণরা সবাই উজ্জীবিত ও উৎসাহিত। তারা তাকে বিজয়ে পৌঁছে দেশের উন্নয়ন ও ইসলামী মূল্যবোধের রক্ষাকবচ হিসেবে কাজ করার আহ্বান জানান। মুফতি হোসাইন আহমেদ তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে উপস্থিত নেতাকর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, "আমি এ মনোনয়নকে একটি বৃহৎ দায়িত্ব ও চ্যালেঞ্জ মনে করি। নির্বাচনী প্রচারাভিযানে আমরা আমাদের আদর্শ ও লক্ষ্য নিয়ে জনগণের মাঝে পৌঁছাতে বদ্ধপরিকর। আল্লাহর সহায়তায় মেহেরপুর-১ আসনে বিজয় অর্জন করে দেশের সেবায় কাজ করব।"

## ঝিনাইদহে ২০০ ওয়াক্ত নামাজ

বংকিরা গ্রামের জামে মসজিদের প্রাঙ্গণে এই বাইসাইকেল বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মসজিদ কমিটির সাধারণ সম্পাদক সাকিব মোহাম্মদ আল হাসান জানান, বর্তমান সময়ে শিশু-কিশোররা মোবাইল ফোন, অনলাইন ও মাদকসহ নানা অনৈতিক কর্মকাণ্ডে আসক্ত হয়ে যাচ্ছে। এ কারণে তাদের সঠিক পথে পরিচালিত করার জন্য মসজিদ কমিটি এই উদ্যোগ নিয়েছে। তিনি বলেন, "আমরা চাই শিশু-কিশোররা ধর্মীয় ও নৈতিক শিক্ষার মাধ্যমে সমাজের সঠিক পথ পায়। নামাজের প্রতি আগ্রহী হলে তারা দূর থাকবে মাদক, অপরাধ ও অনৈতিক কাজ থেকে।" বাইসাইকেল পেয়ে শিক্ষার্থীরা অত্যন্ত খুশি এবং প্রতিশ্রুতি দিয়েছে ভবিষ্যতেও নিয়মিত নামাজ আদায় করবে। মসজিদ কমিটির পক্ষ থেকে কিশোরদের উৎসাহিত করার জন্য এই ধরনের পুরস্কার দেওয়া হয়, যা তাদের মধ্যে ধর্মচেতনা ও আদর্শ জীবন যাপনের মনোভাব গড়ে তুলবে বলে আশা করা হচ্ছে। অনুষ্ঠানে বাইসাইকেল উপহার ছাড়াও আরও ১০ জন কিশোর ও বয়স্ক মুসল্লীর মাঝে জায়নামাজ, টুপি এবং মেসওয়াক বিতরণ করা হয়। এলাকাবাসীও এই উদ্যোগকে সাধুবাদ জানিয়ে বলেছে, "দেশের সব জায়গায় এ রকম উদ্যোগ নিলে শিশু-কিশোররা মাদক ও অপরাধ থেকে দূরে থাকবে এবং সমাজ হবে আরও সুন্দর ও নৈতিক।" এই অনুষ্ঠানে মসজিদ কমিটির অন্যান্য সদস্যরা ও এলাকার গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। তারা সবাই ঐকমত্যে বলেন, ধর্মীয় শিক্ষা ও নৈতিকতাকে শিশু-কিশোরদের জীবনের অবিচ্ছেদ্য অংশ করতে হবে যাতে তারা ভবিষ্যৎ সমাজের জন্য দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে উঠতে

## মেহেরপুরে নজরকাড়া ব্ল্যাক কার্ফ

কৌতূহল ও আলোচনার জন্ম দেয়। মাছটি চুয়াডাঙ্গা জেলার এক খামার থেকে এনে আড়তে তোলা হয়। এমন আকৃতির মাছ সচরাচর দেখা যায় না, ফলে মুহূর্তেই আশপাশের বাজারের লোকজন ও পথচারীরা ভিড় করতে থাকেন মাছটি একনজর দেখার জন্য। মাছটির জন্য শুরু হয় নিলাম। নিলামে অংশ নেন মেহেরপুর শহরের দিঘিরপাড় এলাকার আফ্রিকা প্রবাসী তাহেরুল ইসলাম। শেষ পর্যন্ত তিনিই মাছটি প্রতি কেজি ৬০০ টাকা হারে মোট ১১ হাজার টাকায় কিনে নেন। তাহেরুল ইসলাম বলেন, "আমি মাছটির আকার দেখে বিস্মিত হই। এত বড় ও সুস্থ মাছ সচরাচর দেখা যায় না। পরিবারের সবাইকে নিয়ে বিশেষ খাবারের আয়োজন করব ভেবেই কিনে ফেললাম।" ফাইভ স্টার মৎস্য আড়তের ব্যবস্থাপক শাহিনুর রহমান বলেন, "বাজারে এত বড় ব্ল্যাক কার্ফ মাছ অনেক দিন পর উঠেছে। এমন মাছ সাধারণত বড় জলাশয় কিংবা গভীর খামারে দীর্ঘদিন লালন-পালনের ফল। ক্রেতাদের আগ্রহ দেখে বোঝা যায়, বাজারে ভালো মানের মাছের চাহিদা এখনও অনেক।" মৎস্য ব্যবসায়ী হাসান আলী বলেন, "বাজারে এই ধরনের মাছ আসলে ব্যবসারও চাঙ্গা ভাব ফিরে আসে। এতে করে খামারিরাও উৎসাহিত হন বড় মাছ চাষে।" জেলায় খামারভিত্তিক মাছ চাষ সম্প্রতি বেড়েছে। চুয়াডাঙ্গা, মেহেরপুর ও আশেপাশের জেলাগুলোর খামারগুলোতে এখন বিভিন্ন জাতের মাছ লালন-পালনের প্রবণতা বাড়ছে। সংশ্লিষ্টরা মনে করছেন, পরিকল্পিত চাষ ও বাজারজাতকরণে মৎস্য খাত হতে পারে অন্যতম সম্ভাবনাময় শিল্প।

## ২৬ জুলাই : আন্দোলনের ৩

বেলা সাড়ে তিনটার দিকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য পরিচয় দিয়ে একদল লোক এসে প্রথমে নাহিদকে তুলে নিয়ে যান। পরে আসিফ ও বাকেরকে নিয়ে যান।

এই তিনজনকে এর আগেও তুলে নেওয়া হয়েছিল। কোটা সংস্কার আন্দোলনকারীরা দাবি আদায়ে সারা দেশে 'কমপ্লিট শাটডাউন' বা সর্বাত্মক অবরোধ কর্মসূচি দেওয়ার পর ১৯ জুলাই মধ্যরাতে খিলগাঁওয়ের নন্দীপাড়া থেকে নাহিদকে তুলে নেওয়া হয়। ২১ জুলাই ভোরে পূর্বাচল এলাকায় তাকে ফেলে যাওয়া হয়। এর পর থেকে তিনি গণস্বাস্থ্য নগর হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। অপর দুই সমন্বয়ক আসিফ ও বাকেরকেও ১৯ জুলাই তুলে নেওয়া হয়েছিল। পাঁচ দিন পর ২৪ জুলাই আসিফকে হাতিরঝিল ও বাকেরকে ধানমন্ডি এলাকায় ফেলে যাওয়া হয়। এর পর থেকে আসিফ ও বাকের গণস্বাস্থ্য নগর হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

এদিকে তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল শুক্রবার রাতে আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের বলেন, তিন সমন্বয়ক নিজেরা নিরাপত্তাহীনতায় ভুগছিলেন। কারা যেন তাদের হুমকি দিয়েছিল। নিরাপত্তার জন্যই তাদের ডিবি হেফাজতে নেওয়া হয়েছে।

এইদিনও কোটা সংস্কার আন্দোলন ঘিরে বিক্ষোভ, সংঘাত, ভাঙচুর, সংঘর্ষ ও অগ্নিসংযোগের ঘটনায় সারা দেশে সাঁড়াশি অভিযান পরিচালনা করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। রাজধানীর বিভিন্ন এলাকা ভাগ করে 'ব্লক রেইড' দিয়ে চলে গ্রেফতার অভিযান।

গত ১০ দিনে (১৭ থেকে ২৬ জুলাই) সারা দেশে মোট ৬ হাজার ২৬৪ জন গ্রেফতার হয়। এর মধ্যে গত বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার দুপুর পর্যন্ত গ্রেফতার হয় ৭৬৫ জন। এই সময়ে রাজধানীতে গ্রেফতার করা হয় ২০৭ জনকে। শুধু রাজধানীতে ১০ দিনে মোট গ্রেফতারের সংখ্যা ২ হাজার ৪১৬ জন। এইদিন ঢাকার বাইরে নতুন ২২টি ও ঢাকায় আরও আটটি মামলা হয়। ঢাকায় এ নিয়ে মোট মামলার সংখ্যা দাঁড়ায় ২০৯ (সূত্র: প্রথম আলো, ২৭ জুলাই)।

কোটা সংস্কারের আন্দোলনে নিহত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী আবু সাঈদের পরিবারকে আর্থিক সহায়তা দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন।

শুক্রবার সকালে রংপুরের পীরগঞ্জের গিয়ে তার মা-বাবার হাতে সাড়ে সাত লাখ টাকার একটি চেক তুলে দেয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদল।

এছাড়াও বাংলাদেশে সম্প্রতি নিরাপত্তা রক্ষাকারী বাহিনীর সরাসরি গুলি ব্যবহারের ঘটনায় গভীর উদ্বিগ্ন প্রকাশ করে জাতিসংঘ।

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকটির 'শহীদ রুদ্র তোরণ' নামকরণ করে কোটা আন্দোলনকারী শিক্ষার্থী। ২৬ জুলাই ঢাকাসহ বিভিন্ন জেলায় সংঘর্ষে আহত হয়ে চিকিৎসাধীন আরও তিনজনের মৃত্যু হয়।

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সারা দেশে বিরোধীদলীয় নেতা-কর্মীদের গণগ্রেফতার ও নির্যাতনের প্রেক্ষাপটে সরকারের পতনের 'এক দফা' দাবিতে 'জাতীয় ঐক্যের' ডাক দেন। এদিন বিকেলে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে (ঢামেক) সহিংসতায় আহতদের দেখতে গিয়ে দলমত নির্বিশেষে আহত সবার চিকিৎসা ও আয়-রোজগারের ব্যবস্থা করার ঘোষণা দেন। তিনি বলেন, সহিংসতায় আহতদের চিকিৎসার জন্য যা যা দরকার সবই করবে সরকার।

এর আগে সকালে রামপুরায় নাশকতাকারীদের হামলা ও অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) ভবন পরিদর্শন করেন শেখ হাসিনা। বৃহস্পতিবার ব্রিটিশ পার্লামেন্টে সে দেশের লেবার পার্টির এমপি বাংলাদেশি বংশোদ্ভূত ড. রুপা হক বাংলাদেশে সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলন ঘিরে সৃষ্ট পরিস্থিতি নিয়ে পার্লামেন্টে প্রশ্ন তুলেন। তিনি পার্লামেন্টে বাংলাদেশ পরিস্থিতি নিয়ে যুক্তরাজ্য সরকারের অবস্থান জানতে চান। কোটা সংস্কার আন্দোলন ঘিরে প্রাণহানি ও ধ্বংস নিয়ে সৃষ্ট সমস্যার রাজনৈতিক সমধানের দাবী জানায় বামপন্থি জোট ও দলগুলো। সরকারি চাকরিতে শিক্ষার্থীদের কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে রাজধানীসহ সারা দেশে সহিংসতায় প্রাণহানি ও রাষ্ট্রীয় সম্পদ ধ্বংসের ঘটনার সুষ্ঠু তদন্তের মাধ্যমে দোষীদের বিচারের আওতায় আনার দাবি জানায় বাংলাদেশ অর্থনীতি সমিতি। ছাত্র আন্দোলন চলাকালে বাংলাদেশের জনগণ যে সহিংসতার শিকার হয়েছে তাতে বিস্ময় প্রকাশ করে কানাডা। এইদিন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এক বিবৃতিতে জানায়, ভিন্নমত ও দাবি আদায়ের শান্তিপূর্ণ আন্দোলন অপরাধ নয়, সাংবিধানিক অধিকার। সরকারি চাকরিতে কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে সহিংসতা চলাকালে প্রত্যেকটি প্রাণহানির ঘটনার নিরপেক্ষ তদন্ত দাবি করে সুশাসনের জন্য নাগরিক (সুজন)।